

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বহিরাগমন শাখা-২

নং-স্বঃ মঃ (বহি-২/১পি-৭/২০০৬/১৫৩০,

তারিখ : ১২ সেপ্টেম্বর ২০০৭।

বিষয়ঃ A1, FA2, FA3, B, C, FE, FJ, M, FM, FN, FP, FPI, RR, S, FS, T, TF, T1  
শ্রেণীর ভিসা প্রদানকালে ভিসা প্রার্থীর পাসপোর্টে “Employment in Bangladesh Paid or  
Unpaid Prohibited” সীল প্রদান প্রসঙ্গে।

ভিসানীতি ২০০৬ (সংশোধিত) এর ৬ (ক) শর্তাবলীতে উল্লেখিত ভিসা শ্রেণীসমূহের ভিসা প্রদানে ক্ষেত্রে  
“Employment in Bangladesh paid or unpaid prohibited” সীল প্রদানের বিধান থাকা সত্ত্বেও  
লক্ষ্য করা যাচ্ছে যে, “B” শ্রেণীসহ অন্যান্য শ্রেণীসমূহে ভিসা গ্রহণ করে এদেশে আগমনের পর বহু বিদেশী  
নাগরিক কার্যনুমতি ব্যতীত বিভিন্ন কর্ম/পেশায় নিয়োজিত হচ্ছেন। অনেক সময় তাদের পাসপোর্টে সংশ্লিষ্ট সীলটিও  
প্রদান করা হচ্ছেনা।

২। এ ক্ষেত্রে ভিসানীতি ২০০৬ এর ৬ (ক) শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন এবং ভিসা প্রদানে সময় উক্ত  
সীলটি পাসপোর্টে প্রদান নিশ্চিত করার জন্য মিশনসমূহকে অনুরোধ করা হ'ল। এ দেশে আগমনের পর কোনো  
ব্যবসা প্রতিষ্ঠান/ সংস্থাসমূহ যাতে “Employment in Bangladesh paid or unpaid prohibited”  
সীল সম্বলিত কোন পাসপোর্টধারীকে কোন প্রকার কর্মে নিয়োজিত না করেন তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল  
মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(শাহানা সারমীন)  
সিনিয়র সহকারী সচিব